

**AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin**

Date: 07.10.2024

Time: 7.35A.M.

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) হাইকোর্টের নির্দেশ মেনে কুলতলীর ছাত্রী ধর্ষণ ও খুনের ঘটনায় ‘পকসো ধারা’ যুক্ত করা হচ্ছে। # আজ কল্যাণীর এইমস হাসপাতালে হবে ময়নাতদন্ত।
- ২/ এই ঘটনার প্রতিবাদ ও ন্যায় বিচারের দাবীতে পথে নেমেছেন এলাকার কয়েক হাজার মানুষ। # মুখ্যমন্ত্রী বলেছেন, পকসো মামলায় বিচার করে তিন মাসের মধ্যে দোষীর ফাঁসি হওয়া উচিত।
- ৩/ পূর্ব মেদিনীপুরে পটাশপুরে গৃহবধূর মৃত্যুর ঘটনায় ধর্ষণের অভিযোগ নেই বলে, পুলিশ জানিয়েছেন।
- ৪/ RG Kar কান্ডের প্রতিবাদ ও ১০ দফা দাবিতে ধর্মতলায় জুনিয়ার চিকিৎসকদের আমরণ অনশন চলছে।
- ৫) ধ্রুপদী ভাষার মর্যাদা পাওয়ার পর, রাজ্যের বেসরকারি ইংরেজীমাধ্যম স্কুলগুলিতে সরকার বাংলা বাধ্যতামূলক করার উদ্যোগ নিচ্ছে।
- ৬) পুজোর মধ্যে রাজ্য ভারী বৃষ্টির সম্ভাবনা নেই বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে।

কলকাতা হাইকোর্টের নির্দেশ মেনে কুলতলির ছাত্রী খুনের ঘটনায় ‘পকসো ধারা’ যুক্ত করা হবে। গতকাল বারংইপুরের পুলিশ সুপার পলাশ ঢালি জানান, ময়নাতদন্ত নিয়ে ওই পরিবারের কিছু দাবী ছিল। সেই দাবী মেনে কলকাতা হাইকোর্টে পুলিশের পক্ষ থেকে ই-ফাইলিং করা হয়। ফরেন্সিক তদন্তের জন্য ইতিমধ্যে আবেদন করা হয়েছে।

(বাইট- পলাশ ঢালি)

উল্লেখ্য, মেয়েটির বয়স ১০ বছরের কম হওয়া সত্ত্বেও, কেন পকসো আইনে মামলা রঞ্জু হয়নি, তা নিয়ে প্রশ্ন তুলে এই আইনের ধারা যুক্ত করারও নির্দেশ দেন কলকাতা হাইকোর্টের বিচারপতি তীর্থক্ষেত্র ঘোষ।

নিহত ছাত্রীর দেহের ময়নাতদন্ত কল্যাণী এইমস হাসপাতালে করারও নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। গতকাল জরুরী শুনানিতে কলকাতা হাইকোর্টের বিচারপতি বলেন, কল্যাণী এইমসে ময়না তদন্তের সঠিক পরিকাঠামো না থাকলে, কল্যাণী জেএনএম হাসপাতালে ময়নাতদন্ত করানো যেতে পারে।

উল্লেখ্য, বিচারবিভাগীয় ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে কোনো কেন্দ্রীয় হাসপাতালে মেয়ের দেহের ময়নাতদন্তের দাবি জানিয়েছিলেন, মৃতার বাবা। প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানমের নির্দেশ মেনে গতকাল জরুরী ভিত্তিতে মামলার শুনানির সময়, কম্যান্ড হাসপাতালের তরফে জানানো হয়, সেখানে সাধারণ মানুষের ময়নাতদন্ত সম্ভব নয়। শেষ পর্যন্ত কল্যাণী এইমসে ময়নাতদন্তের নির্দেশ দেয় হাইকোর্ট। ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে হবে ময়নাতদন্ত।

দক্ষিণ ২৪ পরগনার জয়নগরে কুলছাত্রীকে ধর্মণ ও খুনের অভিযোগে গতকাল দিনভর পরিস্থিতি ছিল উত্তপ্ত। সকাল থেকে এলাকার হাজার হাজার মানুষ বিচারের দাবিতে পথে নামেন। বৃষ্টি মাথায় নিয়ে মিছিল করেন সাধারণ মানুষ। এর জেরে কার্যত অবরুদ্ধ হয়ে পড়ে জয়নগর ও কুলতলির একাধিক এলাকা।

বিজেপির কুলতলি থানা ঘেরাও কর্মসূচিকে কেন্দ্র করে ব্যাপক উত্তেজনা ছড়ায়। রাজ্য সভাপতি সুকান্ত মজুমদারের নেতৃত্বে এদিন মিছিল করে বিজেপি কর্মী সমর্থকরা থানার দিকে এগোনোর সময় বিশাল পুলিশ বাহিনী তাঁদের পথ আটকায়। থানার সামনে ব্যারিকেড দিয়ে ঘিরে ফেলে পুলিশ। বিজেপি সমর্থকরা ব্যারিকেড ভাঙতে গেলে শুরু হয় গণ্গোল।

সিপিএমের ছাত্র-যুব সংগঠনের পক্ষ থেকে জয়নগর থানা ঘেরাও কর্মসূচিতে উপস্থিত ছিলেন মীনাক্ষী মুখোপাধ্যায় সহ বাম নেতৃত্ব।

নিহত ছাত্রীর বাড়িতে যান ডষ্টের সুবর্ণ গোস্বামী সহ সিনিয়র চিকিৎসকদের ১২ জনের দল। ধর্মতলায় অনশন মঞ্চ থেকে ৫ জন জুনিয়র চিকিৎসক নিহত ছাত্রীর বাড়িতে যান।

জয়নগরের ঘটনায় পকসো মামলায় বিচার করে তিন মাসের মধ্যে দোষীকে ফাঁসির নির্দেশ দেওয়া হোক বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী মন্তব্য করেছেন। আলিপুর বডিগার্ড লাইনসের পুজোর উদ্বোধনী অনুষ্ঠানে গতকাল তিনি বলেন, যে অপরাধ করবে তার বিরুদ্ধেই কড়া ব্যবস্থা নেওয়া হবে। যারা আন্দোলন করছেন, সেটা তাদের ন্যায় অধিকার বলেই তিনি মন্তব্য করেছেন।

(বাইট- মমতা)

পূর্ব মেদিনীপুরে পটাশপুরে গৃহবধূর মৃত্যুর ঘটনায় ধর্ষণের অভিযোগ নেই বলে, কাঁথির অতিরিক্ত পুলিশ সুপার শুভেন্দু কুমার জানিয়েছেন। গতকাল এক সাংবাদিক সম্মেলন করে তিনি ওই ঘটনার নানা দিক তুলে ধরেন। তিনি জানান, ওই মহিলাকে অভিযুক্ত সুখচাঁদ মাইতি কীটনাশক খাইয়ে হত্যা করেছে বলে, পরিবারের তরফে অভিযোগ করা হয়েছে। তাতে ধর্ষণের কোনো অভিযোগ নেই। তবে, সমস্ত দাবী

খতিয়ে দেখে আইন মোতাবেক ব্যবস্থা নেওয়া হবে বলেও অতিরিক্ত পুলিশ সুপার জানান।

এদিকে, গৃহবধূর ময়নাতদন্তে পরিবারের লোক খুশী নয় বলে জানা গেছে। মৃতার ছেলে সহ পরিবারের সদস্যরা দেহ নিতেও অস্বীকার করেছেন বলে খবর। প্রয়োজনে আদালতের নজরদারিতে কোনো বড় হাসপাতালে ময়নাতদন্তের দাবী তুলেছেন তাঁরা।

উল্লেখ্য, খুন ও ধর্ষণের অভিযোগ তুলে গ্রামবাসীরা অভিযুক্ত সুখচাঁদকে ব্যাপক মারধোর করে। সুখচাঁদ ঘনিষ্ঠ এক মহিলাকেও মারধোর করা হয়। এই ঘটনায় সুখচাঁদ মাইতির মৃত্যু হয়েছে। গণপিটুনীর সঙ্গে জড়িতদের চিহ্নিত করার কাজ চলছে বলে পুলিশ সূত্রের খবর।

অন্যদিকে, বিজেপি রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার এই ঘটনার তীব্র নিন্দা করে বলেছেন, বাংলার মানুষ অন্ধকার এবং ভয়ের রাজ্যে বাস করছে। বাংলার মহিলাদের প্রতি মাসে এক হাজার টাকার বিনিময়ে মুখ্যমন্ত্রীর কাছে সম্মান বন্ধক রাখা হয়েছে কিনা শ্রী মজুমদার সেই নিয়েও প্রশ্ন তোলেন। মহিলাদের নিরাপত্তা নিশ্চিত করতে না পারলে ব্যর্থ মুখ্যমন্ত্রী হিসাবে অবিলম্বে তাঁর পদত্যাগ করা উচিত বলেও তিনি দাবি করেন।

প্রদেশ কংগ্রেস সভাপতি শুভক্ষে সরকারের নেতৃত্বে এক প্রতিনিধি দল গতকাল পটাশপুরে নির্যাতিতার বাড়িতে গিয়ে পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলেন। বাংলা জুড়ে নারী নির্যাতন মাথাচাড়া দিয়ে উঠেছে বলে অভিযোগ করেন তিনি।

১০ দফা দাবিতে জুনিয়ার চিকিৎসকদের আমরণ অনশন কর্মসূচির ২৪ ঘন্টা অতিক্রান্ত। পূর্ব ঘোষণা মতোই শনিবার রাত সাড়ে আটটা থেকে আমরণ অনশনে বসেছেন বিভিন্ন মেডিক্যাল কলেজের মোট ছয়জন জুনিয়র ডাক্তার। তাদের সহমর্মিতা জানিয়ে পাশে দাঁড়িয়েছেন বিভিন্ন হাসপাতালে সিনিয়র চিকিৎসক ছাড়াও বহু সাধারণ মানুষ। সিসিটিভি ক্যামেরার নজরদারির পাশাপাশি সামাজিক মাধ্যমে পুরো অনশন

পর্বের লাইভ স্ট্রিমিং এর ব্যবস্থা করা হয়েছে। RG Kar-এর জুনিয়ার ডাক্তার অনিকেত মাহাতো'ও গতকাল যোগ দিয়েছেন অনশনে।

এদিকে, মঞ্চ বাধার অনুমতি না দেওয়া থেকে শুরু করে পুলিশের বিরুদ্ধে লাগাতার অসহযোগিতার অভিযোগ তুলেছেন আন্দোলনরত চিকিৎসকেরা। তবে কোনরকম চাপের কাছে তাঁরা মাথা নত করবেন না বলে আন্দোলনকারীরা জানিয়েছেন।

RG Kar কান্ডে নির্যাতিতার বাবা মা আসন্ন পুজোর কটা দিন মেয়ের ন্যায়বিচারের দাবিতে নিজেদের বাড়ির সামনেই ধর্ণায় বসবেন। সঙ্গে থাকবেন এলাকার মানুষ। তিলোত্তমার বাবা মা জানিয়েছেন, পুজোর এই কয়েকটা দিন যারাই দেখা করতে আসবেন, তাদের সবার সঙ্গেই তাঁরা কথা বলবেন। তবে রাজনৈতিক ব্যক্তিদের উপস্থিতিতে তাঁদের আপত্তির কথা জানা তাঁর।

বিভিন্ন সরকারি সামাজিক সুরক্ষা প্রকল্পের সুবিধা সাধারণ মানুষের কাছে পৌঁছে দিতে যেসব বাংলা সহায়তা কেন্দ্র চালু রয়েছে, রাজ্য সরকার সেখানে কর্মরত ‘ডেটা এন্ট্রি অপারেটর’দের মাসিক বেতন বৃদ্ধি করেছে। এতদিন তাঁরা মাসে ১৪ হাজার ৩৮০ টাকা করে পেতেন। চলতি মাস থেকে সেটা বাড়িয়ে ১৬ হাজার টাকা করা হয়েছে বলে বিজ্ঞপ্তি জারি করা হয়েছে।

পাশাপাশি আগামী বছরের পয়লা জুলাই থেকে তাদের বার্ষিক বেতন ৩ শতাংশ হারে বৃদ্ধি হবে বলেও জানানো হয়েছে।

রাজ্যের স্কুলগুলিতে রক্ষন কর্মীদের তিন হাজার টাকা পুজো অনুদান এবং মৎস দণ্ডের কর্মীদের বকেয়া বেতন মিটিয়ে দেওয়ার দাবী জানিয়েছে শ্রমিক সংগঠন-

AICCTU । সংগঠনের তরফে রাজ্য সাধারণ সম্পাদক বাসুদেব বসু বলেন, মুখ্যমন্ত্রীকে বারবার জানানো সত্ত্বেও মিড ডে মিল কর্মীরা এবারো পুজোর অনুদান পাননি।

পাশাপাশি আর্থিক সক্ষটের অজুহাত দেখিয়ে রাজ্য সরকার মৎস্য দণ্ডের চুক্তিভিত্তিক কর্মীদের ১৩ মাসের ওপর বেতন বকেয়া রেখেছে।

মুখ্যমন্ত্রীকে শ্রমিক, কর্মচারী ও মেহনতি মানুষের স্বার্থ বিরোধী বলেও তিনি উল্লেখ করেন।

ধ্রুপদী ভাষার মর্যাদা পাওয়ার পরই রাজ্যের বেসরকারি ইংরেজি মাধ্যম স্কুলগুলিতে বাংলা পড়ানো বাধ্যতামূলক করার ব্যাপারে রাজ্য সরকার পুনরায় উদ্যোগী হচ্ছে। শিক্ষা মন্ত্রী ব্রাত্য বসু জানান, ইংরেজি মাধ্যম স্কুলগুলি যাতে তাদের সিলেবাসে বাংলা ভাষা অন্তর্ভুক্ত করে সেজন্য দুই কেন্দ্রীয় বোর্ড আইসিএসসি ও সিবিএসই-র কাছে রাজ্য সরকারের তরফে অনুরোধ জানানো হবে। এজন্য খুব শীত্রই দুই বোর্ডের কর্তাদের সঙ্গে আলোচনায় বসা হবে বলে শ্রী বসু জানিয়েছেন। অভিভাবকদেরও এই বিষয়টি ভেবে দেখার অনুরোধ করেছেন তিনি।

উত্তরবঙ্গে পাহাড়ের চা বাগানগুলির শ্রমিকদের বোনাসের বিষয়টি নিয়ে আগামী মাসের ৬ তারিখ শিলিগুড়িতে ত্রিপাক্ষিক বৈঠক হবে। ওই বৈঠকে রাজ্যের শ্রম দণ্ড, চা বাগান মালিকদের সংগঠন এবং শ্রমিক সংগঠনের প্রতিনিধিদের যোগ দেবার কথা। কয়েকদিন ধরে পাহাড়ের চা বাগানগুলিতে কর্মবিরতি চলায় রাজ্য সরকারের তরফে ওই বৈঠকের ডাক দেওয়া হয় বলে শ্রমিক সংগঠন AICCTU এর নেতা বাসুদেব বসু জানিয়েছেন।

উল্লেখ্য, এবছর প্রথম থেকেই বোনাস নিয়ে মালিকপক্ষ ও শ্রমিক সংগঠনগুলি নিজেদের অবস্থানে অনড়। ২০ শতাংশ বোনাসের দাবি, মালিকপক্ষের অনমনীয় মনোভাব ও রাজ্য সরকারের উদাসীনতার বিরুদ্ধে গত ৩০শে সেপ্টেম্বর ১২ ঘন্টার বন্ধ পালিত হয়, যা সর্বাত্মক চেহারা নেয়। এর মধ্যেই রাজ্য সরকার ১৬% বোনাসের প্রস্তাব দিলে পাহাড়ের শ্রমিকরা সেই প্রস্তাব খারিজ করে। শুরু হয় কর্মবিরতি ও বাগানের মালিকের বাংলো ঘেরাও।

পুজোর মধ্যে উত্তর ও দক্ষিণবঙ্গে কোথাও ভারী বৃষ্টির সম্ভাবনা নেই। দক্ষিণবঙ্গে অবস্থিত ঘূর্ণাবর্তটি তেমন শক্তিশালী নয় এবং ক্রমশঃ সেটি দুর্বল হয়ে পড়বে। আলিপুর আবহাওয়া দণ্ডের বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় আকাশবাণীকে বলেন,

(বাইট সৌরিশ বন্দ্যোপাধ্যায়)

মুর্শিদাবাদের সামশেরগঞ্জে ধানঘড়া, শিবপুর, লোহরপুর, শিকদারপুরের পর এবার মাঝরাতেই ফের ভয়াবহ ভাঙ্গনের কবলে উত্তর চাচগু। গতকাল রাত ১১ টা নাগাদ নদী ভাঙ্গনে তলিয়ে গেছে বেশ কয়েকটি পাকা বাড়ি ও প্রায় ১০০ মিটার জমি। ফলে আতঙ্কে রয়েছেন সামসেরগঞ্জের উত্তর চাচন্দের নদী তীরবর্তী এলাকার বাসিন্দারা।

নদীয়ার কল্যানী বন্দের সান্যালচর গ্রামে ভাগিরথী নদীর ভাঙ্গন চলেছে। দীর্ঘদিন ধরে গঙ্গার তীরবর্তী এলাকাগুলি ভেঙ্গেই চলেছে। একের পর এক বসবাসের বাড়ি ও চাষযোগ্য জমি বাগানসহ গাছপালা ভাঙ্গনে ক্ষতিগ্রস্ত হয়েছে। নদীগর্ভে চলে গেছে বেশ কয়েকটি গ্রাম। চান্দুরিয়া দু'নম্বর গ্রাম পঞ্চায়েত এলাকার সান্যালচরের কাছের স্থানীয় একটি স্কুলও কয়েক বছর আগে গঙ্গা গর্ভে তলিয়েছে। ওই এলাকায় গঙ্গার পার

ভাঙ্গতে ভাঙ্গতে বসতিবাড়ির কাছে চলে আসায় বাসিন্দারা এখন নিজেরাই ঘর বাড়ি
ভেঙ্গে অন্যত্র সরতে চাইছেন। এমত অবস্থায় কেউ কেউ গঙ্গা পারে ত্রিপল টাঙ্গিয়ে
কোনরকমে ঠাঁই নিয়েছেন। স্থায়ীভাবে গঙ্গা ভাঙ্গন রোধ করে গ্রাম রক্ষা করার দাবি
তুলেছেন স্থানীয় বাসিন্দারা।

পূর্ব বর্ধমানের জামালপুর ব্লকের জোত শ্রীরামপুর পঞ্চায়েতের শিয়ালি, কোঁড়া
এলাকায় গতকাল বন্যা পরবর্তী পরিস্থিতি পরিদর্শনে যান জেলাশাসক আয়েষা রাণী।
ক্ষতিগ্রস্ত মানুষের হাতে প্রয়োজনীয় খাস্য সামগ্রী, পোশাক ইত্যাদি তুলে দেওয়া হয়।

ডায়মন্ড হারবার এফ সি, আই লিগ থ্রি-এ বিজয়ী হয়েছে। নৈহাটি ষ্টেডিয়ামে গতকাল
ডায়মন্ড হারবার ১-০ গোলে মিজোরামের চানমারি এফ সি-কে হারিয়ে দেয়।
এরসঙ্গেই তারা আগামী বছর আই লিগ-টু তে খেলার যোগ্যতা অর্জন করেছে।
একমাত্র গোলটি করেছেন রাঘব গুপ্ত।
